



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৩

০৫ ডিসেম্বর ২০২৪

তারিখ: -----

২০ অগ্রহায়ণ ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

অর্থনৈতিক শুমারি ২০২৪ এ তথ্য প্রদানসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান প্রসঙ্গে

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক আগামী ১০ ডিসেম্বর ২০২৪ হতে ২৬ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত দেশব্যাপী অর্থনৈতিক শুমারি ২০২৪ এর তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালিত হবে। উক্ত কার্যক্রমে দেশের সকল অর্থনৈতিক ইউনিটের পরিচিতি, অর্থনৈতিক কার্যাবলী, জনবল, সম্পদ এবং ইউনিটের মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্য-উপাত্ত সংগ্রহ করা হবে। এ শুমারি হতে প্রাপ্ত তথ্য-উপাত্ত দেশের অর্থনৈতিক অবস্থার বিস্তারিত চিত্র তুলে ধরবে, যা নতুন বাংলাদেশ বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

২। এক্ষেত্রে, অর্থনৈতিক শুমারি ২০২৪ সূচী ও সূচীস্বরূপে সম্পাদনের লক্ষ্যে তথ্য প্রদানসহ শুমারিকর্মীগণকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২